[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বিভিন্ন বাজার ও মহল্লায় গনসংযোগ করেন। এসময় তিনি বলেন, জামায়াতে ইসলামী সরকার গঠন করলে এদেশের রাজনৈতিক কালচার পরিবর্তন করতে চাই। কাউকে রাজনীতি করার কারণে হয়রানি করা হবেনা। ভোট কাটার স্বপ্ন, দুঃস্বপ্নে পরিনত করা হবে। জামায়াত মানুষের হক জনগণের দোর গোড়ায় পৌছে দিতে চাই। আমরা শাসক নই বরং জনগণের সেবক হতে চাই।

গণসংযোগে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা ছাত্রশিবিরের সভাপতি সাগর আহম্মেদ, জেলা প্রশিক্ষন সম্পাদক জিয়াউল হক, জেলা উলামা বিভাগের সভাপতি মাওলানা ইসরাইল হোসেন, জীবননগর উপজেলা আমীর মাওলানা সাজেদুর রহমান, নায়েবে আমীর সাখাওয়াত হোসেন, হাফেজ বিল্লাল হোসেন, জীবননগর উপজলোর সেক্রেটারি মাহফুজুর রহমান, সহকারী সেক্রেটারি মাওলানা আবু বকর, উপজেলা যুব বিভাগের সভাপতি মাজেদুর রহমান লিটন, সেক্রেটারি জাহিদুল ইসলাম, মনোহরপুর ইউনিয়ন সভাপতি রবিউল ইসলাম, সেক্রেটারি মনির হোসেন, জামায়াত নেতা নেয়ামুল হক, শফিকুল ইসলাম, বেতের আলী, যুবনেতা মোমিনল ইসলাম, সাগর আহম্মেদ প্রমুখ ।

এছাড়াও বিকাল ৪ টার সময় মনোহরপুর গ্রামে এক মহিলা সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন, জেলা আমীর রুহুল আমীন।

মেহেরপুরের মনোহরপুর ৭ নং ওয়ার্ডে সাধারণ সভা

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের ৭ নং ওয়ার্ডে গ্রামবাসীর সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার (৭ জানুয়ারি) সন্ধ্যা ৬ টায় মনোহরপুর গ্রামে এই সভা অনুষ্ঠিত হয়।

কুতুবপুর ইউনিয়ন আমীর ইমদাদুল হকের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আমীর মাওলানা তাজউদ্দীন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা আমীর সোহেল রানা।

সভাটি পরিচালনা করেন কুতুবপুর ইউনিয়নের সেক্রেটারি পারভেজ

হোসাইনের সঞ্চালনায় এছাড়াও এসময় ৭ নং ওয়ার্ড ইউনিট সভাপতি মো. লুৎফর রহমান, ইউনিয়ন তদারকারী হাফেজ জাবিরুল ইসলাম এবং মেহেরপুর শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি রউফ মুকুল উপস্থিত ছিলেন

জীবননগরের মনোহরপুর জাতীয় যুব দিবস পালিত

জীবননগরে জাতীয় যুব দিবস উপলক্ষ্যে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার সকাল সাড়ে ১০টার সময় উপজেলার মনোহরপুর ইউনিয়নের ধোপাখালী গ্রামের সমৃদ্ধ কেন্দ্রে জাতীয় যুব দিবস উপলক্ষে র্যালী, আলোচনা সভা ও সংস্কৃতি অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আলোচনা সভায় ওয়েভ ফাউন্ডেশনের ইউনিয়ন যুবদের আয়োজনে পল্লি কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় জীবননগর ইয়ুথ এ্যাসেম্বলির সভাপতি ও মাই টিভি প্রতিনিধি মিথুন মাহমুদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মনোহরপুর ইউনিয়ন পরিষদের সদস্য আদিলুল করিম ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মনোহরপুর ইউনিয়ন পরিষদের সদস্য তৌফিকুজ্জামান টিটু, সাংবাদিক এ,আর, ডাবলু, বাঁকা ইউনিয়ন সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়ক আব্দুল আওয়াল, ওয়েভ ফাউন্ডেশন কর্মকর্তা লিটনসহ শত শত যুবক-যুবতী এসময় উপস্থিত ছিলেন।
ব

ক্তারা তাদের বক্তব্যে বলেন, “যুবদের সেবা, উদ্যোগ ও উদ্ভাবনী মানসিকতা দেশ ও দেশের অর্থনৈতিক উন্নয়নে অগ্রণী ভূমিকা পালন করছে। মহান মুক্তিযুদ্ধ থেকে শুরু করে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে দেশের যুব সমাজের অংশীদারিত্ব ছিল অন্যতম। দেশের যুব সমাজের বৃহদাংশ আজ উদ্যোক্তা হিসেবে পরিচিত। যারা দেশের মৎস্য, কৃষি, বস্ত্র, হস্তশিল্পসহ বিভিন্ন ক্ষেত্রে অর্থনৈতিক কর্মকাণ্ডের মধ্য দিয়ে দেশকে সমৃদ্ধ করে তুলছে”।

মনোহরপুরে আওয়ামী লীগ নেতাকর্মীদের সাথে এমপির মতবিনিময়

জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের নেতাকমিদের সাথে মতবিনিময় করলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর।

গতকাল রবিবার বিকাল সাড়ে ৪টার সময় জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের আয়োজনে মাধবখালী গ্রামে এ মতবিনিময় অনুষ্ঠিত হয়।

মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গোলাম রসুলের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর থানা আওয়ামী লীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খান প্রমুখ।

অনুষ্ঠানটি সাবিক পরিচালনা করেন মনোহরপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক আহসান হাবিব বকুল।